# আল-ফাজর | Al-Fajr | اَلْفَجْر

আয়াতঃ ৮৯ : ১৯

## আরবি মূল আয়াত:

وَ تَاكُلُوْنَ التُّرَاثَ اَكۡلًا لَّمًّا ﴿۱۹﴾

## অনুবাদসমূহ:

আর তোমরা উত্তরাধিকারের সম্পত্তি সম্পূর্ণরূপে ভক্ষণ কর। — আল-বায়ান

আর তোমরা উত্তরাধিকারীদের সব সম্পদ খেয়ে ফেল। — তাইসিরুল

এবং তোমরা উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পদ সম্পূর্ণ রূপে আহার করে থাকো, — মুজিবুর রহমান

And you consume inheritance, devouring [it] altogether, — Sahih International

### ১৯. আর তোমরা উত্তরাধিকারের সম্পদ সম্পূর্ণরূপে খেয়ে ফেল(১),

(১) এখানে তাদের তৃতীয় মন্দ অভ্যাস বর্ণনা করা হয়েছে যে, তোমরা হালাল ও সব রকম ওয়ারিশী সম্পত্তি একত্রিত করে খেয়ে ফেল। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ১৯। এবং উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পূর্ণরূপে আত্মসাৎ করে থাক। [1]

[1] অর্থাৎ, যে কোন উপায়েই লাভ হোক; চাহে হালাল উপায়ে অথবা হারাম উপায়ে। لَمًّاশব্দের অর্থ হল جَمعًا অর্থাৎ, সম্পূর্ণরূপে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন